

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
সরকারী পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.legislativediv.gov.bd

বিষয়ঃ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের ইনোভেশন টিমের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

০৯ অক্টোবর, ২০১৯ খ্রিঃ, রোজ-বুধবার, বেলা-১১:০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) এবং ইনোভেশন টিমের প্রধানের সভাপতিত্বে তাঁর দপ্তরে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট সকল প্রতিনিধিদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হল।

১.১ সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) জনাব মোঃ শাহজাহান মিয়াকে আহবান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের উদ্ভাবন কর্ম-পরিকল্পনা নির্ধারিত ছক মোতাবেক প্রণয়নপূর্বক ইতোপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতঃ উহা এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। প্রণীত কর্ম-পরিকল্পনায় উল্লিখিত মেয়াদে সম্পাদিতব্য কার্যক্রমের বিপরীতে ধার্যকৃত পয়েন্ট পাওয়ার লক্ষ্যে কর্মসম্পাদন সূচক অনুযায়ী পদক্ষেপ গ্রহণের বিষয়ে করণীয় কার্যক্রম নির্ধারণ সম্পর্কে পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অধ্যকার সভার আয়োজন করা হয়েছে।

১.২ তিনি আরো জানান, ২০১৮-১৯ অর্থ বছরে এ বিভাগের উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় কার্যক্রমের বিপরীতে পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়। সে প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থ বছরে এ বিভাগের উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ত্বরান্বিত করে কাজিত পয়েন্ট পাওয়ার লক্ষ্যে ইতোপূর্বে বাস্তবায়িত হয়নি এমন নিম্নরূপ কার্যক্রম ও সূচক চিহ্নিত করা হয়েছে, যথাঃ

ক্রম	উদ্দেশ্য	কার্যক্রম
১	উদ্ভাবন খাতে (কোড নম্বর-৩২৫৭১০৫) বরাদ্দ	১.১ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ
২	সক্ষমতা বৃদ্ধি	২.১ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার ২.২ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন ২.৩ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন
৩	দ্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগ আহবান, যাচাই-বাছাই-সংক্রান্ত কার্যক্রম	৩.১ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ
৪	উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন	৪.১ ন্যূনতম ০১ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি ৪.২ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন
৫	উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং)	৫.১ ন্যূনতম একটি উদ্ভাবন প্রদর্শনীর (শোকেসিং) আয়োজন ৫.২ প্রদর্শনীর মাধ্যমে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন
৬	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	৬.১ ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/হালনাগাদকরণ

২.০০ এ পর্যায়ে যুগ্ম-সচিব (প্রশাসন) এবং এ বিভাগের ইনোভেশন টিমের প্রধান জনাব কাজী আরিফুজ্জামান সভাকে অবহিত করেন যে, উদ্ভাবনী এবং সেবা সহজীকরণ কার্যক্রম একটি টীমওয়ার্ক। সকলের অংশগ্রহণের ভিত্তিতে এ কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন। এক্ষেত্রে উদ্ভাবন এবং সেবা সহজীকরণ বিষয়ে এ বিভাগের কর্মকর্তাগণের ইনোভেশন ও সেবা সহজীকরণ আইডিয়া পত্র মারফত যাচনা করে পরবর্তীতে কমিটির সভায় এগুলো উপস্থাপনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী সুকেসিং, বাছাই এবং রেলিকেশন ইত্যাদি বিষয়ে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। তীর এ প্রস্তাবের সাথে সভায় উপস্থিত সকল প্রতিনিধিগণ একমত পোষন করেন।


২.০১ এ পর্যায়ে যুগ্মসচিব (বাজেট) সভাকে জানান যে, ২০১৯-২০ অর্থ বছরের উদ্ভাবনী কর্ম-পরিকল্পনায় বিধৃত মতে এ বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণের উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণসহ ধারাবাহিক কার্যক্রম হিসেবে ওয়ার্কসপ/সেমিনার এর আয়োজন করলে এ বিষয়ে সকলেই সম্যক ধারণা অর্জন করতে পারবে।

৩.০০ সিদ্ধান্ত :

সভায় সামগ্রিক আলোচনা এবং উপস্থিত সকলের ঐকমত্যের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথাঃ

- ১। উদ্ভাবন (ইনোভেশন) এবং সেবা সহজীকরণ বিষয়ে এ বিভাগের কর্মকর্তাগণের ইনোভেশন ও সেবা সহজীকরণ আইডিয়া পত্র মারফত যাচনা করতে হবে;
- ২। এ বিভাগের বরাদ্দ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট খাতে (কোড নম্বর-৩২৫৭১০৫) ১(এক) লক্ষ টাকা বাজেট বরাদ্দ যাচনা করে অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে;
- ৩। উদ্ভাবনী এবং সেবা সহজীকরণ কর্মকাণ্ডে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এ বিষয়ে প্রশিক্ষণ ও প্রতিবেদন শাখা কর্তৃক প্রয়োজনীয় কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪। ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য এ বিভাগের আইসিটি সেল কর্তৃক আপলোড/হালনাগাদকরত: তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।

সভায় আর কোন আলাচ্যসূচী না থাকায় যুগ্মসচিব মহোদয় সকলকে শুভেচ্ছা ও অভিবাদন ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(কাজী আরিফুজ্জামান)

যুগ্মসচিব (প্রশাসন)

এবং

ইনোভেশন টীম প্রধান

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।